




ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উদ্‌যাপন উপলক্ষ্যে 'শতবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্জন ও প্রত্যাশা' বিষয়ে শিক্ষার্থীদের প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। প্রতিযোগিতা তিনটি ক্যাটাগরিতে বিভক্ত। ক্যাটাগরিভিত্তিক শিরোনামসমূহ হলো :

- ক. স্নাতক ১ম ও ২য় বর্ষ শতবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্জন ও প্রত্যাশা
মানসম্পন্ন শিক্ষা ও ঢাকা বিশ্ববিদ্যালয় : প্রত্যাশা ও করণীয়
- খ. স্নাতক ৩য় ও ৪র্থ বর্ষ শতবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্জন ও প্রত্যাশা
ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষের অর্জন : শিক্ষা-সমাজ-রাজনীতি
- গ. স্নাতকোত্তর পর্যায় শতবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্জন ও প্রত্যাশা
বাংলাদেশের সাংস্কৃতিক ও বুদ্ধিবৃত্তিক চর্চায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা

প্রতিযোগিতায় সর্বমোট ১০০টি পুরস্কার প্রদান করা হবে। প্রত্যেক ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পুরস্কার প্রদানের ব্যবস্থা রয়েছে। অনধিক ২০০০ শব্দে প্রবন্ধটি রচনা করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে উল্লেখসূত্র ও সহায়ক রচনাপঞ্জি যুক্ত করা যাবে। কেবল এ-৪ আকারের কাগজে কম্পোজ করে প্রবন্ধটি আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সরাসরি বা ডাকযোগে রেজিস্ট্রার (প্রশাসন-৩), ঢাকা বিশ্ববিদ্যালয় সমীপে প্রেরণ করতে হবে। একইসঙ্গে, প্রবন্ধের সফট কপি reg.admin3@du.ac.bd ইমেইল ঠিকানায় পাঠাতে হবে।

প্রবন্ধ পাঠানোর খামের ওপরে এবং ইমেইলে রচয়িতার নাম, মাতা ও পিতার নাম, অধ্যয়নরত বিভাগের নাম, বর্ষ, সেশন, শ্রেণি-ক্রমিক, ইমেইল ঠিকানা ও ফোন নম্বর স্পষ্টভাবে উল্লেখ থাকা আবশ্যিক। সফট কপি প্রেরণের সময়ে ইমেইলের বিষয় হিসেবে " 'শতবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্জন ও প্রত্যাশা' বিষয়ে প্রবন্ধ রচনা প্রতিযোগিতা" কথাটি লেখা থাকতে হবে।

এই প্রতিযোগিতায় শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ বিশেষভাবে প্রত্যাশিত।



অধ্যাপক ড. সৈয়দ আজিজুল হক
আহ্বায়ক, প্রবন্ধ প্রতিযোগিতা কমিটি

ও

চেয়ারম্যান, বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

অতি জরুরি


স্মারক নং-রেজি/প্রশা-৩/ ২৪০০১-সি

তারিখ: ৫/৭/১৪২৮ বঙ্গাব্দ
২১/১০/২০২১ খ্রিস্টাব্দ


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, সকল হল ও হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয় (টিএসসি কেন্দ্রীক ছাত্র সংগঠনসমূহকে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
৭. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
৮. সচিব ও ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা)-এর সদয় অবগতির জন্য)
৯. জনাব মো.রিফাত আমিন, কম্পিউ অর্গানাইজিং, রেজিঃ ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (ই-মেইলে বিজ্ঞপ্তি কপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন)।

সকল শিক্ষার্থীদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।


(সৈয়দ মাসুদ আলম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন : ৯৬৬১৯০০-৫৯/৪০২১

To website


25/10/21
সোয়েমা শারমিন
চেয়ারপার্সন
পরিসংস্থান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়